গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি সংস্কার বোর্ড
শাখা-১ (প্রশাসন)
ভূমি ভবন, তেজগাঁও, ঢাকা-১২০৮
www.lrb.gov.bd

**ভূমি সংস্কার বোর্ডের ফেব্রুয়ারি, ২০২৬ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি | এ.জে.এম. সালাহ্ উদ্দিন নাগরী<br>চেয়ারম্যান |
| সভার তারিখ | ১৬ ফেব্রুয়ারি, ২০২৬ খ্রিঃ। |
| সভার সময় | বেলা ১১: ০০ ঘটিকা। |
| স্থান | সম্মেলন কক্ষ, ভূমি সংস্কার বোর্ড, তেজগাঁও, ঢাকা। |
| উপস্থিতি | উপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট- ‘ক’ তে সংযুক্ত। |

সভাপতি সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতি সহকারী ভূমি সংস্কার কমিশনার-১ (প্রশাসন) জনাব শ্রাবণী রায় কে আলোচ্যসূচিসমূহ সভায় উপস্থাপন করার আহ্বান জানালে তিনি বিগত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন। এতে কোন সংশোধনী প্রস্তাব না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর কার্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্র.নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| (১) | বাজেট ও অডিট আপত্তি | ভূমি সংস্কার বোর্ডের অডিট আপত্তিসমূহ নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সহকারী ভূমি সংস্কার কমিশনার-১ (অতিরিক্ত দায়িত্বঃ হিসাব রক্ষণ কর্মকর্তা) সভাকে অবহিত করেন যে, রাজস্ব অডিট অধিদপ্তরের ২৩-১২-২০২৫ তারিখের ২৫৩ নং স্মারকমূলে অডিট আপত্তিসমূহ নিষ্পত্তি করা হয়েছে। আর্থিক বিধি-বিধান যথাযথভাবে অনুসরণপূর্বক বাজেট বাস্তবায়ন করার এবং ভবিষ্যতে অডিট আপত্তি যাতে না আসে সে বিষয়ে আরো সচেষ্ট থাকার জন্য চেয়ারম্যান মহোদয় নির্দেশনা প্রদান করেন। | আর্থিক বিধি-বিধান যথাযথভাবে অনুসরণপূর্বক বাজেট বাস্তবায়ন করতে হবে। তাছাড়া ভবিষ্যতে অডিট আপত্তি যাতে না আসে সে বিষয়ে আরো সচেষ্ট থাকতে হবে। | উপ-ভূমি সংস্কার কমিশনার (সকল)/ সহকারী ভূমি সংস্কার কমিশনার (সকল) |
| (২) | ভূমি সংস্কার বোর্ডের কর্মকর্তা ও বিভাগীয় উপ-ভূমি সংস্কার কমিশনারগণ কর্তৃক মাঠ পর্যায়ের ভূমি অফিসসমূহ পরিদর্শন | ভূমি সংস্কার বোর্ডের কর্মকর্তাগণের পরিদর্শন বিষয়ে আলোচনা হয়। ভূমি সংস্কার বোর্ডের কর্মকর্তাগণের প্রমাপ অনুযায়ী পরিদর্শন করার জন্য নির্দেশনা প্রদান করেন।<br>পূর্ববর্তী মাসের পরিদর্শন তথ্যসহ পরিদর্শন ছকে উপস্থাপনের জন্য চেয়ারম্যান মহোদয় নির্দেশনা প্রদান করেন। | ভূমি সংস্কার বোর্ডের সকল কর্মকর্তাকে প্রমাপ অনুযায়ী পরিদর্শন করতে হবে। পূর্ববর্তী মাসের পরিদর্শন তথ্যসহ পরিদর্শন ছকে উপস্থাপন করতে হবে। | উপ-ভূমি সংস্কার কমিশনার (সকল)/ ভূমি সংস্কার বোর্ডের কর্মকর্তা (সকল) |

| | | | | |
|---|---|---|---|---|
| (৩) | ভূমি উন্নয়ন করের সঠিক দাবি নির্ধারণ এবং আদায় | সভায় ২০২৫-২৬ অর্থ বছরে ভূমি উন্নয়ন কর (সাধারণ ও সংস্থা)-এর সঠিক দাবি নির্ধারণ ও আদায় অগ্রগতি নিয়ে বিস্তারিত আলোচনা হয়।<br><br>সহকারী ভূমি সংস্কার কমিশনার-৫ সভাকে জানান যে, ২০২৫-২০২৬ অর্থবছরের জানুয়ারি/২০২৬ মাসে সকল (৬৪টি) জেলা প্রশাসকের কার্যালয় হতে ভূমি উন্নয়ন কর (সাধারণ+সংস্থা) এর দাবি ও আদায় সংক্রান্ত প্রতিবেদন পাওয়া গেছে। জেলা প্রশাসকের কার্যালয়সমূহ হতে (drms.limslrb.com) Software এর মাধ্যমে অনলাইনে প্রাপ্ত ভূমি উন্নয়ন করের দাবি ও আদায়ের সারসংক্ষেপ নিম্নরূপ:<br>১। ভূমি উন্নয়ন করের মোট দাবির পরিমাণ:<br>>সাধারণ<br>ক) বকেয়া = ৪৩৫,৮৯,৩৪,১৫৪ টাকা<br>খ) হাল = ৪৩০,৯৫,৪৩,৯৮৮ টাকা<br>মোট = ৮৬৬,৮৪,৭৮,১৪২ টাকা<br>২। ভূমি উন্নয়ন করের মোট দাবির পরিমাণ:<br>> সংস্থা<br>ক) বকেয়া = ৪৫১,৭৫,৯৩,৭৭২ টাকা<br>খ) হাল= ২০৫,১৪,৩০,৭২৪ টাকা<br>মোট= ৬৫৬,৯০,২৪,৪৯৬ টাকা<br>৩। জানুয়ারি/২০২৬ মাসে ভূমি উন্নয়ন কর আদায়ের পরিমাণ:<br>ক) সাধারণ=৬৩,৯৬,০৮,১০২ টাকা<br>খ) সংস্থা = ১০,৫৫,৬৯,৭২০ টাকা<br>মোট =৭৪,৫১,৭৭,৮২২ টাকা<br>৪। ২০২৫-২০২৬ অর্থবছরের জানুয়ারি/২০২৬ মাস পর্যন্ত ভূমি উন্নয়ন করের পুঞ্জিভূত আদায়:<br>ক) সাধারণ ৫২২,৬২,৬১,৫০০ টাকা<br>খ) সংস্থা = ৫০,৪৭,৪৯,৫৬৮ টাকা<br>সর্বমোট পুঞ্জিভূত আদায় (সাধারণ+সংস্থা)=৫৭৩,১০,১১,০৬৮টাকা।<br>৫। ২০২৫-২০২৬ অর্থবছরের জানুয়ারি/২০২৬ মাস পর্যন্ত ভূমি উন্নয়ন করের (সাধারণ+সংস্থা) সর্বমোট দাবি ১৫২৩,৭৫,০২,৬৩৮ (এক হাজার পাঁচশত তেইশ কোটি পঁচাত্তর লক্ষ দুই হাজার ছয়শত আটত্রিশ) টাকা।<br>৬। ২০২৫-২০২৬ অর্থবছরের জানুয়ারি/২০২৬ মাস পর্যন্ত ভূমি উন্নয়ন করের (সাধারণ+সংস্থা) সর্বমোট আদায় ৫৭৩,১০,১১,০৬৮ (পাঁচশত তিহাত্তর কোটি দশ লক্ষ এগারো হাজার আটষট্টি) টাকা। | ২০২৫-২৬ অর্থ বছরে ভূমি উন্নয়ন কর (সাধারণ ও সংস্থা)-এর সঠিক দাবি নির্ধারণ ও আদায় অগ্রগতি এবং গত অর্থবছরের ভূমি উন্নয়ন কর (সাধারণ ও সংস্থা)-এর সঠিক দাবি নির্ধারণ ও আদায়ের তুলনামূলক তথ্য উপস্থাপন করতে হবে। | (ক) সহকারী ভূমি সংস্কার কমিশনার-৫ |

| | | | | |
|---|---|---|---|---|
| (৪) | ভূমি সংস্কার বোর্ডের ওয়েবসাইট নিয়মিত হালনাগাদকরণ | ভূমি সংস্কার বোর্ডের ওয়েবসাইট নিয়মিত হালনাগাদকরণ কার্যক্রম চলমান রাখতে নির্দেশনা প্রদান করা হয়। | ভূমি সংস্কার বোর্ডের ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ করতে হবে। | আইটি শাখা |
| (৫) | বিবিধ | (ক) মাঠ পর্যায়ে মিউটেশন কার্যক্রম বেগবান ও সুষ্ঠুভাবে মনিটরিং করার লক্ষ্যে ই-মিউটেশন বাস্তবায়নকারী সংস্থা অটোমেশন-এর উপ-প্রকল্প পরিচালক, জনাব আসিফ মাহমুদ ভূমি সংস্কার বোর্ডের সমন্বয় সভায় উপস্থিত ছিলেন। তাঁর নিকট বিভাগীয় উপ-ভূমি সংস্কার কমিশনারগণ বিভিন্ন সমস্যা তুলে ধরেন। উপ-প্রকল্প পরিচালক সমস্যাগুলো সমাধানের আশ্বাস দেন। তিনি আরো জানান যে, ADC (Revenue) ও AC (Land) গ্রুপে বিভাগীয় উপ-ভূমি সংস্কার কমিশনারগণকে সংযুক্ত করা যেতে পারে। অনলাইনে মিউটেশন পর্যালোচনা করার জন্য ভূমি সংস্কার বোর্ডের কর্মকর্তাদের অনলাইন মিউটেশন প্রোগ্রামের ওয়েবসাইটে সংযুক্ত করা যেতে পারে। এছাড়া উত্থাপিত বিভিন্ন সমস্যা সম্পর্কে অটোমেশন প্রকল্প পরিচালক ও ভূমি মন্ত্রণালয়ের সাথে আলোচনা করবেন মর্মে সভাকে অবহিত করেন। | (ক) ADC (Revenue) ও AC (Land) গ্রুপে বিভাগীয় উপ-ভূমি সংস্কার কমিশনারগণকে সংযুক্ত করতে হবে। অনলাইনে মিউটেশন পর্যালোচনা করার জন্য ভূমি সংস্কার বোর্ডের কর্মকর্তাদের অনলাইন মিউটেশন প্রোগ্রামের ওয়েবসাইটে যুক্ত করতে হবে। | (ক) বিভাগীয় উপ-ভূমি সংস্কার কমিশনার (সকল) |
| | | (খ) মাঠ পর্যায়ের ভূমি অফিসসমূহ পরিদর্শনকে আরো অর্থবহ করার জন্য ১৯-০২-২০২৬ তারিখে একটি সভা আয়োজন করার বিষয়ে আলোচনা হয়। | (খ) মাঠ পর্যায়ের ভূমি অফিসসমূহ পরিদর্শনকে আরো অর্থবহ করার জন্য ১৯-০২-২০২৬ তারিখে একটি সভা আয়োজন করতে হবে। | (খ+গ+ঘ) ভূমি সংস্কার বোর্ডের কর্মকর্তা ও বিভাগীয় উপ-ভূমি সংস্কার কমিশনারগণ |
| | | (গ) ভূমি সংস্কার বোর্ডের কর্মকর্তা ও বিভাগীয় উপ-ভূমি সংস্কার কমিশনারগণ কর্তৃক মাঠ পর্যায়ের ভূমি অফিসসমূহ পরিদর্শন কালে বাজেট পর্যালোচনা করার জন্য চেয়ারম্যান মহোদয় তাগিদ প্রদান করেন। | (গ) মাঠ পর্যায়ের ভূমি অফিসসমূহ পরিদর্শন কালে বাজেট পর্যালোচনা করতে হবে। | |
| | | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| | | (ঘ) ভূমি সংস্কার বোর্ডের কর্মকর্তা ও বিভাগীয় উপ-ভূমি সংস্কার কমিশনারগণ কর্তৃক মাঠ পর্যায়ের ভূমি অফিসসমূহ পরিদর্শন কালে সেবা প্রার্থীদের সাথে সরাসরি কথা বলে বাস্তব চিত্র অনুধাবনের জন্য চেয়ারম্যান মহোদয় নির্দেশনা প্রদান করেন। | (ঘ) মাঠ পর্যায়ের ভূমি অফিসসমূহ পরিদর্শন কালে সেবা প্রার্থীদের সাথে সরাসরি কথা বলে বাস্তব চিত্র অনুধাবন করতে হবে। | |

আর কোনো আলোচনা না থাকায় সভাপতি মাঠ পর্যায়ের ভূমি ব্যবস্থাপনা কার্যক্রম আরো গতিশীল ও জনবান্ধব করার উপর সর্বাধিক গুরুত্ব আরোপ করে সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৩-০২-২০২৬
এ.জে.এম. সালাহ্ উদ্দিন নাগরী
চেয়ারম্যান
ফোন : ০২৪১০১০৪৪৩
ইমেইল : chairman@lrb.gov.bd

তারিখ: ১০ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
২৩ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

**নম্বর:** ৩১.০২.০০০০.০০০.০১১.০৯.০০০১.২৩.৯৮

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সিনিয়র সচিব, সিনিয়র সচিবের দপ্তর, ভূমি মন্ত্রণালয়।
২। উপ-ভূমি সংস্কার কমিশনার, ১/২/৩, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা। ।
৩। উপ-ভূমি সংস্কার কমিশনার (সকল বিভাগ)।
৪। সহকারী ভূমি সংস্কার কমিশনার, ১/২/৩/৪/৫/৬, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা। ।
৫। চেয়ারম্যান এর একান্ত সচিব, চেয়ারম্যান এর দপ্তর, ভূমি সংস্কার বোর্ড।
৬। হিসাব রক্ষণ কর্মকর্তা, হিসাব রক্ষণ কর্মকর্তার দপ্তর, ভূমি সংস্কার বোর্ড।
৭। সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার/ সহকারী প্রোগ্রামার, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা। এবং
৮। প্রশাসনিক কর্মকর্তা, (সকল)।

২৩-০২-২০২৬
শ্রাবণী রায়
সহকারী ভূমি সংস্কার কমিশনার